সোনালী ব্যাংক পিএলসি
বিশস্ত ও স্মার্ট
হাজরাবাড়ী শাখা,জামালপুর।

মোবাইল: ০৯৭১-৬৩৪৬২৪

অর্থঋণ আদালত আইন ২০০৩ (সংশোধনী ২০১০)এর ১২(৩) ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিজ্ঞপ্তি

ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানাঃ মেসার্স সারা পশু পালন এন্ড মৎস্য খামার, প্রোঃ মোঃ সাইফুল ইসলাম , সাং- রেখিরপাড়া , থানাঃ মেলান্দহ, জেলাঃ জামালপুর। এই মর্মে সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র শাখা হতে গৃহীত উপরোক্ত ঋণগ্রহীতা/ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের ঋণ হিসাবে ১৩.০৫.২০২৬ ইং তারিখ ভিত্তিক ব্যাংকের পাওনা = ১৫,৬৮,৫৭৪/- টাকা (কথায়ঃ পনের লক্ষ আটষট্টি হাজার পাচঁশত চুহাত্তর টাকা মাত্র) এবং আদায়কালতক অনারোপিত সুদসহ অন্যান্য পাওনাদি আদায়ের নিমিত্ত অত্র শাখার অনুকুলে বন্ধকীকৃত নিম্ন বর্ণিত হাইপোঃ/প্লেজকৃত মালামাল(যেখানে যে অবস্থায় রহিয়াছে)/বন্ধকীকৃত স্থাবর সম্পত্তি(নির্মাণাদিসহ) অর্থ ঋণ আদালত আইন ২০০৩(সংশোধনী ২০১০) এর ১২(৩) ধারার বিধান মোতাবেক নিলামে বিক্রয় করা হবে।নিলাম ক্রয়ে আগ্রহী ক্রেতাগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাবলীতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

-ঃ বন্ধকীকৃত সম্পত্তির তফসিল ঃ-

থানা- মেলান্দহ, জেলা-জামালপুর এর অন্তর্গত

সম্পত্তির মালিকের নাম ও ঠিকানা ঃ ১) মোঃ সাইফুল ইসলাম, পিতা- মোঃ উসমান গনি দুলাল , মাতা- মোছাঃ ছফুরা বেগম , সাং- রেখিরপাড়া, ডাকঘর-রেখিরপাড়া , থানা-মেলান্দহ, জেলা- জামালপুর।

মৌজা	জেএল নং	খতিয়ান			খারিজ	দাগ নং			জমির পরিমাণ (একর)
		সিএস	আরওআর	বিআরএস		সিএস	আরওআর	বিআরএস	
রেখিরপাড়া	১২১	৭৯	১৮০	১৩৬	৪৪০	৪০৪	৪০৪	৯৬২	০.৬০ একর
						৪১৬	৪১৬	৯৫১	০.১০ একর
								মোটঃ-	০.৭০ একর

-ঃ বন্ধকীকৃত সম্পত্তির চৌহদ্দী ঃ-

০.৬০ একর সম্পত্তির চৌহদ্দী ঃ উত্তরে- ইউনুস আলী, দক্ষিণে- আঃ হক, পুর্বে- খলিলুর রহমান , পশ্চিমে- জয়নাল আবেদীন ।

০.১০ একর সম্পত্তির চৌহদ্দী ঃ উত্তরে- আঃ জলিল, দক্ষিণে- হেকমত আলী, পুর্বে- জহুরুল ইসলাম, পশ্চিমে- ফারুক।

শর্তসমূহ

০১) আগামী ২৭/১১/২৬ তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে সোনালী ব্যাংক পিএলসি, হাজরাবাড়ী শাখা, জামালপুর কিংবা সোনালী ব্যাংক পিএলসি, প্রিন্সিপাল অফিস,জামালপুর এ রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র জমা দিতে হবে । ঐ দিনই ৪.১৫ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে(যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। দরপত্র সরাসরি অথবা রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাবে।রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তা অবশ্যই উক্ত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উক্ত শাখা/অফিসে পৌছাতে হবে।

০২) দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপরে স্পষ্ট অক্ষরে বন্ধকী সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখে দাখিল করতে হবে।দরপত্রে দরপত্র দাতার নাম,পিতা/স্বামীর নাম,ঠিকানা,টেলিফোন/মোবাইল নম্বর এবং প্রস্তাবিত একক প্রতি দর ও মোট মুল্য অথবা গুদামে মজুদ সমুদয় মালামাল যেখানে যে অবস্থায় রহিয়াছে)/সম্পত্তির মোট প্রস্তাবিত মুল্য উল্লেখ করতে হবে।

০৩) দরপত্র দাখিল করার সময় প্রযোজ্য আর্নেষ্ট মানি ও মুল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হলোঃ

আর্নেষ্টি মানি/জামানতের পরিমাণ	অবশিষ্ট মুল্য পরিশোধের সময়সীমা
উদ্ধৃত দর টাকা ১০.০০ লক্ষ পর্যন্ত দরপত্র মুল্যের ২০% হারে	দরপত্র গৃহীত হবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে
উদ্ধৃত দর টাকা ১০.০১ লক্ষ হইতে ৫০.০০ লক্ষ পর্যন্ত দরপত্র মুল্যের ১৫% হারে	দরপত্র গৃহীত হবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে
উদ্ধৃত দর টাকা ৫০.০০ লক্ষ অধিক হইলে দরপত্র মুল্যের ১০% হারে	দরপত্র গৃহীত হবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে

০৪) দাখিলকৃত দরপত্রে উল্লেখিত অবশিষ্ট মুল্য নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পুর্বে বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হলে,উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে মালামাল/সম্পত্তি নিলামে ক্রয় করতে আহবান করা হবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা (আহুত হবার পর ০৩ নং অনুচ্ছেদে নির্ধারিত সময় সীমার মধ্যে)সম্পূর্ণ মুল্য পরিশোধ করবেন এবং তা করতে ব্যর্থ হলে তার জামানতও বাজেয়াপ্ত করা হবে।বাজেয়াপ্তকৃত জামানতের টাকা উক্ত দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হবে।

০৫) দরপত্রে উল্লেখিত মালামাল/তফসিলভুক্ত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করতে পারবে।

০৬) দরপত্র দাতা এক বা একাধিক তফসিলে বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র জমা দিতে পারবেন।তবে একই তফসিল ভুক্ত সম্পত্তির আংশিক দরপত্র গ্রহণযোগ্য হবে না।

০৭) নিলাম ক্রেতা কর্তৃক সমুদয় মুল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে নিলাম ক্রেতার অনুকুলে মালামাল/সম্পত্তি হস্তান্তর করা হবে।নিলাম ক্রেতাকে মালামাল হস্তান্তরের/সম্পত্তির রেজিষ্ট্রেশন,দখল সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করতে হবে। প্রস্তাবকৃত মুল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরপত্র দাতাকে বহন করতে হবে।

০৮) ঋণ গ্রহীতা/প্রতিষ্ঠানের নিকট নিলামতব্য সম্পত্তি/মালামাল সংক্রান্ত সরকারী যাবতীয় কর/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানর দাবী/পাওনা যথা বিদ্যুৎ,গ্যাস,পানির বিল,পৌরকর,ভুমিকর ইত্যাদি বকেয়া থাকলে তা নিলাম ক্রেতাকে বহন করতে হবে।

০৯) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো কিংবা কারণ দর্শানো ব্যতিরেখেই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করবার ক্ষমতা সংরক্ষণ করে।

১০) দরপত্র গৃহীত না হলে দরপত্র দাতাকে জামানতের টাকা সর্বোচ্চ ৩(তিন) কর্মদিবসের মধ্যে ফেরত দেওয়া হবে।

১১) নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বন্ধকী সম্পত্তি সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য নিম্ন স্বাক্ষরকারীর সহিত যোগাযোগ করতে পারবেন।

ম্যানেজার

HAKIMUL ISLAM
B-8304
Principal Officer
Manager
Sonali Bank PLC
Hazirbari Branch
Jamalpur.